



Aro Food Kahini  
by  
Indrajit Lahiri

*No part of this work can be reproduced in any form  
without the written permission of the author and the publisher*

© ইন্দ্রজিৎ লাহিড়ী

প্রথম প্রকাশ : ডিসেম্বর ২০২১

প্রচ্ছদ ও অঙ্গবন্দন : শুভম ভট্টাচার্য

বুক ফার্ম-এর পক্ষে শান্তনু ঘোষ ও কৌশিক দত্ত কর্তৃক  
৭ এল, কালীচরণ শেঠ লেন, কলকাতা ৭০০০৩০ থেকে প্রকাশিত  
চলভাষ : ৯৮৩১০৫৮০৪০/৯০৫১০১১৬৪৩  
মুদ্রক : এস পি কমিউনিকেশন প্রা লি, কলকাতা ৭০০০০৯



এমন অনেক জায়গা আছে, যেগুলো হয়তো সাধারণের জন্য খুব চালু পর্যটন কেন্দ্র আজও হয়ে উঠতে পারেনি। কিন্তু একা থাকতে যারা পছন্দ করেন, বা একাকিত্বের শব্দ শুনতে যারা পছন্দ করেন, তাঁদের কাছে এই জায়গাগুলোর আকর্ষণ কখনোই অস্বীকার করা যায় না। যদি কখনো যান, ঘুরে আসুন, খেয়ে আসুন, আর গল্পগুলো আমাদেরকেও জানান। আমি জানি, ওই চত্বরে হয়তো আরও অনেক খাবারের গল্প আছে, কিন্তু ফুডকাহিনি মানেই তো হচ্ছে আপনাদের সঙ্গে আমাদের গল্পগুলোকে মেলানো, সেই কাজটাই করা যাক। চলুন, খাওয়া যাক!



ছুলেন টুপ করে ভেঙে চলে এল। সে এক অদ্ভুত ব্যাপার! কলকাতায় ইদানীং কিছু দোকানে খেয়েছি। 'শেফস' বলুন, বা 'ওয়াহ্ জনাব' বলুন। তবে লালু কাবাব কিন্তু বহুদিন আমার স্মৃতিতে বেঁচে থাকবে। তবে, এই দুটো দোকানেই যে সমস্যাটা দেখলাম, সেটা হচ্ছে কোনো এক অজ্ঞাত কারণে এঁরা এই কাবাবটির ওপরে ধড়াস করে খানিকটা চাটনি ঢেলে দেন এবং প্রচুর পেঁয়াজ পাশে দেন। যতক্ষণে আপনি এঁকে বলবেন যে চাটনিটা না দিতে, ততক্ষণে



নিয়েই আমি বরাবর শান্ত থেকেছি। আপনারা যদি আমাকে জিজ্ঞেস করেন, তাহলে আমি বলব সামান্য কুড়ি-তিরিশ টাকার জন্য মোহ না বাড়িয়ে এবং কলাপাতার ওপর বিরিয়ানি খাওয়ার মোহ ত্যাগ করতে পারলে, দাদা-বউদির এসি রেস্টুরেন্টে কিন্তু খেয়ে বেশ আরাম পাওয়া যায়। এত বড়ো একটা তুলতুলে নরম মাংসের পিস! হাতে তুললে সেটার হাড় থেকে মাংস আলাদা হয়ে টুপ করে পড়ে, যেন সে আপনার আঙুলের স্পর্শের অপেক্ষাতেই ছিল!

রসালো ভাত এবং বিশাল আলু, এই দিয়ে দাদা-বউদির বিরিয়ানিকে আমরা ক্লাসিফাই করতে পারি। ক্লাসিফাই করা-- এই শব্দটা ছাড়া আমি অন্য কোনো শব্দ এক্ষেত্রে খুঁজে পেলাম না। পাঠক, ক্ষমা করবেন! তবে, দাদা-বউদির বিরিয়ানি সম্বন্ধে আমার বক্তব্য হল, দাদা-বউদির বিরিয়ানি আপনার ভালোও লাগতে পারে, আবার খারাপও লাগতে পারে। কিন্তু কোনোমতে কোনো অবস্থাতেই আপনি দাদা-বউদির বিরিয়ানিকে অশ্রদ্ধা বা অবজ্ঞা করতে পারবেন না।